

পাবলিক বিশ্ববিদ্যালয় ও ইউজিসির বাজেট অনুমোদন

■ ইত্তেফাক রিপোর্ট
দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের
জন্য ২০১২-২০১৩ অর্থ বছরে ১ হাজার
৪৪০ কোটি ৭৮ লাখ টাকার প্রস্তাবিত
মূল বাজেট অনুমোদন করা হয়েছে।
এছাড়া ২০১১-২০১২ অর্থ বছরের জন্য
১ হাজার ৩৮৯ কোটি ৭৩ লাখ টাকার
সংশোধিত বাজেটও অনুমোদন করা
হয়েছে।

একই সঙ্গে বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের
(ইউজিসি) ২০১১-২০১২ অর্থ বছরের
জন্য ১৪ কোটি ৮৭ লাখ টাকার
সংশোধিত বাজেট এবং ২০১২-২০১৩
অর্থ বছরের জন্য ১৪ কোটি ৯৫ লাখ
টাকার প্রস্তাবিত মূল বাজেট অনুমোদন
করা হয়।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড
একে আহমাদ চৌধুরীর সভাপতিত্বে
পতাকা সোমবার কমিশনের ১২৭তম
পূর্ণ কমিশন সভায় এ বাজেট অনুমোদন
করা হয়।